

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২২.০০৮.২৪ নথির বিষয়: Repair of Ac, electrical wiring and ancillary maintenance of Dhaka Metro-THA-11-5070 Double Cabin Pick-up. আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Repair of Ac, electrical wiring and ancillary maintenance of Dhaka Metro-THA-11-5070 Double Cabin Pick-up. আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৯/৮/২৪ ৪:০২ অপরাহ্ন

সায়েদাবাদ পানি শোধনাগারের মাধ্যমে ডি.এন.ডি ক্যানেল এর মাধ্যমে শীতলক্ষ্যা নদী হতে পানি এনে পরিশোধন করে ঢাকা মহানগরবাসীর নিকট প্রতিদিন ৪৫ কোটি লিটার পানি সরবরাহ করা হয়। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুটি শোধনাগার রয়েছে। শীতলক্ষ্যা নদীর পানি সারুলিয়া পাম্পিং স্টেশন হয়ে ডিএনডি ক্যানেল এবং বঙ্গ কালভার্ট এর মাধ্যমে "র" ওয়াটার পাম্পিং স্টেশনে আসে এবং পরবর্তী ধাপে পরিশোধন প্রক্রিয়া শেষে মেইন ট্রান্সমিশন ৪৬ কিঃমিঃ দীর্ঘ লাইনের মাধ্যমে বিভিন্ন মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে প্রবাহিত হয়। উক্ত পানির মেইন ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভালভ ও ভালভ চেম্বার (ARV, e-PRV, BV, GV & WOV) রয়েছে। বর্ণিত গাড়ি দ্বারা ৪৬ কিঃমিঃ দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রায় প্রতিদিন বিভিন্ন ধরনের ভালভ ও ভালভ চেম্বার মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়ে থাকে। এছাড়াও বিভিন্ন সময়ে ডিএনডি খালের উচ্ছেদ ও রক্ষণাবেক্ষণ এবং বিভিন্ন মডস জোনের চাহিদার প্রেক্ষিতে মার্চ পর্যায়ের ট্রান্সমিশন মেইন লাইনের রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগে ব্যবহৃত ডাবল কেবিন পিকআপ ঢাকা মেট্রো-ঠ-১১-৫০৭০ গাড়িটির ত্রুটি দেখা দিয়েছে। গাড়িটির ফ্যান বেল্ট, এয়ার ফিল্টার, ডিজেল ফিল্টার, ইলেকট্রিক্যাল ওয়্যারিং, কানেকটিংবুশ, এসি কম্প্রেসার মেরামত এবং হাইড্রোলিক হর্ন ইত্যাদি মেরামত করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৯/৮/২৪ ৪:০২ অপরাহ্ন

সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগে ব্যবহৃত ডাবল কেবিন পিকআপ ঢাকা মেট্রো-ঠ-১১-৫০৭০ গাড়িটির মেরামত সম্পন্ন করতে পূর্ব অনুমোদিত প্রাক্কলন ও বাজার দরের ভিত্তিতে দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হ'ল। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ২১,৪৯০.০১০ (একুশ হাজার চারশত নব্বই দশমিক শূন্য এক শূন্য মাত্র) টাকা। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৪-২৫ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের যানবাহন রক্ষণাবেক্ষণ কোড নং-(০১-০৪-০১৭) খাত হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৯/৮/২৪ ৪:০৫ অপরাহ্ন

অত্যন্ত জরুরীভিত্তিতে কাজটি বাস্তবায়ন করা প্রয়োজন যা দরপত্র প্রক্রিয়া অনুসরণ করে বাস্তবায়ন করা সময় সাপেক্ষ। তাই আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৮১ (১) অনুসারে সরাসরি নগদ ক্রয় (DCP) প্রক্রিয়ায় অস্থায়ী অগ্রিম হিসাবে সম্পন্ন করা যেতে পারে। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সম্বনয় করা হবে।

সংযুক্তিসমূহ (৩):

- ১। সাঃপাঃশোঃ রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের কপি।
- ২। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৯/৮/২৪ ৪:০৬ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগে ব্যবহৃত ডাবল কেবিন পিকআপ ঢাকা মেট্রো-ঠ-১১-৫০৭০ গাড়িটির মেরামত সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৮১ (১) অনুসারে সরাসরি নগদ ক্রয় (DCP) প্রক্রিয়ায় অস্থায়ী অগ্রিম হিসাবে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২১,৪৯০.০১০ (একুশ হাজার চারশত নব্বই দশমিক শূন্য এক শূন্য মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় যানবাহন রক্ষণাবেক্ষণ কোড নং-(০১-০৪-০১৭) খাত হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

			
২৯/৮/২৪ ৪:১০ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২/৯/২৪ ২:১২ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩/৯/২৪ ৩:৪৫ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩/৯/২৪ ৬:৩৪ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
			৩/৯/২৪ ৬:৩৪ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ৩/৯/২৪ ৯:১০ অপরাহ্ন

Okay

			
৩/৯/২৪ ৯:১০ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৪/৯/২৪ ৩:১৫ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৪/৯/২৪ ৩:২৯ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৪/৯/২৪ ৩:২৯ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা